

ইপিডুরাল বা মেরুদণ্ডে ইনজেকশনের পর মাথাব্যথা – আপনার যা জানা প্রয়োজন




ইপিডুরাল বা মেরুদণ্ডে একটি ইনজেকশন নেওয়ার পর আপনার এক ক্ষেত্রে ১০০ ও আরেক ক্ষেত্রে ২০০ ভাগ ‘পোস্ট ডুরাল পাংচার’ মাথাব্যথা (PDPH) হওয়ার সম্ভাবনা রয়েছে।

কী কারণে মাথাব্যথা হয়?

মস্তিষ্ক এবং মেরুদণ্ড ডুরা নামক একটি তরল পদার্থে পরিপূর্ণ কোষ দ্বারা বেষ্টিত। যখন ইপিডুরাল ঢুকানো হয় বা ইচ্ছাকৃতভাবে মেরুদণ্ডে ঢুকে পড়ে তখন দুর্ঘটনাবশত ডুরা ছিদ্র হতে পারে। ছিদ্র হওয়ার ফলে তরল পদার্থ বের হয়ে যেতে পারে যা একটি চাপ সৃষ্টি করবে ফলে মস্তিষ্কের চারপাশে ব্যথার সৃষ্টি হবে।

মাথাব্যথা কেমন?



- এটি আপনার ইপিডুরাল হওয়ার বা মেরুদণ্ড হওয়ার পর কিছু দিনের মধ্যে মধ্যে এটি শুরু হয়
- এটি প্রায়ই যন্ত্রণাদায়ক
- এটি হলে বসতে অসুবিধা হয় এবং শুয়ে থাকলে ভালো লাগে
- এছাড়াও ঘাড় ব্যথা হতে পারে
- উজ্জ্বল আলো অস্বস্তিকর অনুভূতির সৃষ্টি করতে পারে – অন্ধকার কক্ষ পছন্দনীয়



চিকিৎসা কী?

-  শুয়ে বিশ্রাম নিন
-  প্রচুর তরল এবং ক্যাফেইনযুক্ত পানীয় পান করুন
-  নিয়মিত ব্যথানাশক ঔষধ সেবন করুন (যেমন প্যারাসিটামল বা ইবুপ্রোফেন)
-  সময় - কয়েক দিনের মধ্যে ভালো হয়ে যেতে পারেন
- ব্লাড প্যাচ করুন - যদি এটি ভালো না হয় বা তীব্র যন্ত্রণাদায়ক হয়

ব্লাড প্যাচ কী?

ইপিউডুরাল বা মেরুদণ্ডে ইনজেকশনের পর মাথাব্যথা – আপনার যা
জানা প্রয়োজন



১ ইপিউডুরাল ব্লাড প্যাচ হলো ইপিউডুরাল বা মেরুদণ্ডে ইঞ্জেকশন নেওয়া আর মেরুদণ্ডের শেষাংশে একই এবং এটি সাধারণত লেবার রুমে বা অপারেশন থিয়েটারে একজন অ্যানেস্টিসিস্টের মাধ্যমে সম্পন্ন করা হয়। এটি সাধারণত ছিদ্র করার ২৪ ঘন্টার বেশি সময় পর এটি করা হয়।



২ এই প্রক্রিয়া চলাকালীন সময়ে আপনার বাহুর একটি শিরা থেকে রক্ত নেওয়া হয়।



৩ তারপর রক্তগুলো মেরুদণ্ডের শেষ অংশে ইনজেকশনের মাধ্যমে প্রবেশ করানো হয়।



৪ ব্লাড প্যাচের পর সঠিক স্থানে রক্ত জমাট বাঁধতে আপনাকে কয়েক ঘণ্টা শুয়ে থাকতে বলা হবে। মাথাব্যথা বন্ধে সাহায্য করতে এই রক্ত জমাট বাঁধবে এবং তরল কিছু বের হওয়া বন্ধ করতে ছিদ্র বন্ধ করবে।



ব্লাড প্যাচের পার্শ্বপ্রতিক্রিয়া কী কী?

- যদি হেটির মধ্যে ১টিতেও মাথাব্যথা বন্ধ না হয় তাহলে আপনার অন্য আরেকটি প্রয়োজন হতে পারে
- ইনজেকশনের মাধ্যমে রক্ত প্রবেশ করানোর সময় আপনার পিঠে ব্যথা অনুভব হতে পারে
- আপনার পিঠে কয়েকদিন পর যন্ত্রণাদায়ক অনুভূতি হতে পারে
- অন্য একটি ডুরাল ছিদ্র হওয়ার সামান্য সম্ভাবনা রয়েছে (যা ১% এরও কম)
- সংক্রমণ, নার্ভের ক্ষতি অথবা আপনার পিঠে রক্তপাত হলো অন্যান্য অস্বাভাবিক জটিলতা

আপনার উন্নতি হলে যতদ্রুত সম্ভব আপনাকে হাসপাতাল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা উচিত:

- মারাত্মক পিঠের ব্যথা
- উচ্চ তাপমাত্রা
- ঘাড় অসাড় হয়ে যাওয়াসহ তীব্র মাথাব্যথা

ইপিউডুরাল বা মেরুদণ্ডে ইনজেকশনের পর মাথাব্যথা – আপনার যা
জানা প্রয়োজন



- পায়ের দুর্বলতা
- অনিয়ন্ত্রিত প্রস্রাব বা মল ত্যাগ

পোস্ট ডুরাল পাংচার মাথাব্যথা সম্পর্কে আরো তথ্যের জন্য একজন পেশাদার স্বাস্থ্যকর্মীর সাথে আলোচনা করুন।

প্রসব ব্যথা থেকে মুক্তি এবং অ্যানেস্টিসিস্ট সম্পর্কে আপনি আরো তথ্য পাবেন লেবার পেইনস ওয়েবসাইটে -

<http://www.labourpains.com/>



TRANSLATORS
WITHOUT BORDERS

আমরা ট্রান্সলেটর উইথআউট বর্ডার্সের নিকট কৃতজ্ঞ যারা এটি নথিটি অনুবাদ করেছেন।



© Copyright 2016 - Obstetric Anaesthetists' Association - 21 Portland Place - London - W1B 1PY - UK
Telephone: +44 (0)20 7631 8883 Fax: +44 (0)20 7631 4352 Registered Charity No. 1111382 Registered No.
5540014 (England)